

বাংলা বিভাগ, শৈলজানন্দ ফাল্গুনী স্মৃতি মহাবিদ্যালয়, বীরভূম  
Study Material for 6<sup>th</sup> Semester (General)

Prepared by  
Dr. Ajoy Saha  
Asth. Prof. of Bengali

**DSE – 1B, বিষয় : উনিশ শতকের বাংলা নাটক**

০২ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্নোত্তর : (তৃতীয় অংশ)

৫৫। বাংলা নাট্যসাহিত্যের আদি-যুগ বলে কোন কালপর্বকে চিহ্নিত করা হয় ?

উত্তর : বাংলা নাট্যসাহিত্যের আদি-যুগ হল ১৮৫২ খ্রিস্টাব্দ থেকে ১৮৭২ খ্রিস্টাব্দ পর্যন্ত।

৫৬। বাংলা নাট্যসাহিত্যের দ্বিতীয়-যুগ বলে কোন সময় হয় ? কেন এই সময়কে চিহ্নিত করা হয়  
দ্বিতীয় যুগের শুরু হিসেবে ?

উত্তর : বাংলা নাট্যসাহিত্যের দ্বিতীয়-যুগের সূচনা ১৮৭২ খ্রিস্টাব্দে। ১৮৭২ সালের ৭ই ডিসেম্বর  
'কলকাতায় 'ন্যাশনাল থিয়েটার' বা 'সাধারণ রঙ্গমঞ্চের' প্রতিষ্ঠার ফলে বাংলা নাট্যচর্চার  
জগতে বিপুল পরিবর্তন আসে বলে এই সময় থেকে নাট্যসাহিত্যের দ্বিতীয় যুগ ধরা হয়।

৫৭। বাংলা রঙ্গমঞ্চের আদি-যুগ বলে কোন কালপর্বকে চিহ্নিত করা হয় ?

উত্তর : ১৭৯৫ খ্রিস্টাব্দে বেঙ্গলি থিয়েটার থেকে ১৮৭২ খ্রিস্টাব্দের ন্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠার পূর্ব  
কালকে বাংলা রঙ্গমঞ্চের আদি-যুগ বলে কালপর্বকে চিহ্নিত করা হয়।

৫৮। বাংলা রঙ্গমঞ্চের দ্বিতীয় যুগ বলে কোন কালপর্বকে চিহ্নিত করা হয় ?

উত্তর : ১৮৭২ খ্রিস্টাব্দের ন্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠার পর থেকে ১৯৪২ খ্রিস্টাব্দে গণনাট্য সংঘ  
প্রতিষ্ঠার পূর্ব কালকে বাংলা রঙ্গমঞ্চের দ্বিতীয় যুগরূপে চিহ্নিত করা হয়।

৫৯। পেশাদারি রঙ্গমঞ্চের যুগ বলে কোন সময়কাল থেকে শুরু হয় ?

উত্তর : ১৮৭২ খ্রিস্টাব্দের ন্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠার পর থেকে পেশাদারি রঙ্গমঞ্চের যুগ হয়।

৬০। বাংলাদেশে পেশাদারি রঙ্গমঞ্চের যুগ একটানা কোন সময়কাল পর্যন্ত চলেছিল ?

উত্তর : ১৮৭২ খ্রিস্টাব্দ থেকে ১৯৪২ খ্রিস্টাব্দ পর্যন্ত পেশাদারি রঙ্গমঞ্চের যুগ একটানা চলেছিল।

৬১। পেশাদারি নাট্যচর্চার প্রধান সীমাবদ্ধতা কী ?

উত্তর : পেশাদারি নাট্যচর্চার প্রধান সীমাবদ্ধতা হল নাট্যকারকে রঙ্গমঞ্চের মালিক, বিশেষত

দর্শকদের চাহিদা ও রুচির মুখাপেক্ষী হয়ে নাটক রচনা করতে হয়। নাটক রচনার ক্ষেত্রে স্বাধীনতা না থাকায় নাট্যকারকে শিল্পগুণ ও বৈচিত্র্যের সঙ্গে আপস করতে হয়।

৬২। বাংলাদেশে পেশাদারি রঙ্গমঞ্চের যুগে ব্যতিক্রমী এক বিখ্যাত নাট্যকারের নাম লেখ।

উত্তর : বাংলাদেশে পেশাদারি রঙ্গমঞ্চের যুগে ব্যতিক্রমী এক বিখ্যাত নাট্যকার হলেন রবীন্দ্রনাথ ঠাকুর।

৬৩। পেশাদারি রঙ্গমঞ্চে সফল হয়েছিল রবীন্দ্রনাথের এমন দুটি নাটকের নাম লেখ।

উত্তর : পেশাদারি রঙ্গমঞ্চে সফল হয়েছিল রবীন্দ্রনাথের এমন দুটি নাটক হল - 'রাজা ও রানী' (১৮৮৯), 'বিসর্জন' (১৮৯০)।

৬৪। 'বিসর্জন' নাটকটি রবীন্দ্রনাথের কোন উপন্যাসের নাট্যরূপ ?

উত্তর : 'বিসর্জন' নাটকটি রবীন্দ্রনাথের 'রাজর্ষি' (১৯৮৭) উপন্যাসের নাট্যরূপ।

৬৫। পেশাদারি রঙ্গমঞ্চের যুগে রবীন্দ্রনাথ ব্যতিক্রমী নাট্যকারের হয়ে উঠেছিলেন কোন ধরনের নাটকগুলির জন্য ?

উত্তর : পেশাদারি রঙ্গমঞ্চের যুগে রবীন্দ্রনাথ ব্যতিক্রমী নাট্যকারের হয়ে উঠেছিলেন মূলত রূপ-সাংকেতিক নাটকগুলির জন্যে।

৬৬। রবীন্দ্রনাথের কয়েকটি রূপক-সাংকেতিক নাটকের নাম লেখ।

উত্তর : রবীন্দ্রনাথের কয়েকটি রূপক-সাংকেতিক নাটক হল - 'অচলায়তন', 'রক্তকরবী', 'ডাকঘর', 'তাসের দেশ' প্রভৃতি।

৬৭। রবীন্দ্রনাথের দুটি নৃত্যনাট্যের নাম লেখ।

উত্তর : 'শ্যামা', 'চণ্ডালিকা', 'শাপমোচন'।

৬৮। রবীন্দ্রনাথের দুটি গীতিনাট্যের নাম লেখ।

উত্তর : 'বাল্মীকি প্রতিভা', 'কালমৃগয়া', 'মায়ার খেলা'।

৬৯। রবীন্দ্রনাথের দুটি কাব্যনাট্যের নাম লেখ।

উত্তর : 'মালিনী', 'বিদায় অভিশাপ'।

৭০। রবীন্দ্রনাথের কয়েকটি কৌতুক নাটক বা প্রহসনের নাম লেখ।

উত্তর : রবীন্দ্রনাথের কয়েকটি কৌতুক বা প্রহসন নাটক হল - 'গোড়ায় গলদ', 'বৈকুণ্ঠের খাতা', 'চিরকুমার সভা' প্রভৃতি।

৭১। 'রবীন্দ্রনাথের 'গোড়ায় গলদ' নাটকের মার্জিত রূপ কোন নাটকটি ?

উত্তর : রবীন্দ্রনাথের 'গোড়ায় গলদ' (১৮৯২) নাটকের মার্জিত রূপ 'শেষরক্ষা' (১৯২৮)।

৭২। বাংলা নাট্যসাহিত্যের প্রথম প্রহসন কোনটি ? কত সালে তা প্রকাশিত হয় ?

উত্তর : বাংলা নাট্যসাহিত্যের প্রথম প্রহসন কালীপ্রসন্ন সিংহের 'বাবু'। নাটকটি ১৮৫৩ সালে প্রকাশিত হয়।

৭৩। মধুসূদন গ্রিক পুরাণের কাহিনিকে আশ্রয় করে কোন নাটকটি রচনা করেন ?

উত্তর : মধুসূদন গ্রিক পুরাণের 'অ্যাপল অফ ডিসকর্ড' কাহিনিকে আশ্রয় করে 'পদ্মাবতী' (১৮৬০) নাটকটি রচনা করেন।

৭৪। কোন নাটকে মধুসূদন প্রথম অমিত্রাক্ষর ছন্দ প্রয়োগ করেন ?

উত্তর : 'পদ্মাবতী' (১৮৬০) নাটকে মধুসূদন প্রথম অমিত্রাক্ষর ছন্দ প্রয়োগ করেন।

৭৫। মধুসূদনের শেষ নাটক কোনটি ?

উত্তর : মধুসূদনের শেষ নাটক হল 'মায়াকানন' (১৮৭৩)।

৭৬। বঙ্কিমচন্দ্র দীনবন্ধুর কোন নাটকটিকে একটি আমেরিকান উপন্যাসের সঙ্গে তুলনা করেছেন ?

উপন্যাসটির নাম কী ? কেন তিনি এরূপ তুলনা করেছেন ?

উত্তর : বঙ্কিমচন্দ্র দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটিকে একটি আমেরিকান উপন্যাসের সঙ্গে তুলনা করেছেন।

উপন্যাসটি হল মার্কিন মহিলা ঔপন্যাসিক হ্যারিয়েট স্টো রচিত 'আঙ্কল টমস্ কেবিন'।

গ্রন্থ দুটির তুলনার কারণ মিসেস স্টোর উপন্যাসটি যেমন আমেরিকান কাহিনীদের দাসত্ব দূর করেছিল - 'নীলদর্পণ'ও তেমনই বাংলার নীলচাষীদের দাসত্ব মোচনে সাহায্য করেছিল।

৭৭। গিরিশচন্দ্র তাঁর কোন নাটকটি দীনবন্ধুকে উৎসর্গ করেছিলেন ?

উত্তর : গিরিশচন্দ্র তাঁর 'শান্তি কি শান্তি' (১৯০৮) নাটকটি দীনবন্ধুকে উৎসর্গ করেছিলেন।

৭৮। 'নীলদর্পণ' নাটকের প্রভাব গিরিশচন্দ্রের কোন দুটি নাটকে পড়েছিল ?

উত্তর : দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকের প্রভাব গিরিশচন্দ্রের 'প্রফুল্ল' (১৮৮৯) ও 'বলিদান' (১৯০৫) নাটকে পড়েছিল।

৮০। নিমচাঁদ চরিত্রটি দীনবন্ধুর কোন নাটকের চরিত্র ?

উত্তর : দীনবন্ধু মিত্রের 'সধবার একাদশী' নাটকের গুরুত্বপূর্ণ একটি চরিত্র হল নিমচাঁদ।

\*\*\*\*\*

Prepared by Dr. Ajoy Saha, Astd. Prof. of Bengali, S.F.S Mahavidyalaya